

কোর্সের বিবরণ

কোর্সের মেয়াদকাল ২ বছর, প্রতি সেমিস্টার ১ বছর (মোট ২ সেমিস্টার)
আবশ্যিক বিষয়ঃ (সকল শাখায় বাংলা ও ইংরেজী প্রযোজ্য)

- বিষয়সমূহ
১। হিসাবরক্ষন
২। কম্পিউটার অপারেশন

লেকচারশীট/হ্যান্ডনোট প্রদান

শ্রেণী কার্যক্রমকে শতভাগ সার্থক করে তোলার লক্ষ্যে লেকচারশীট / হ্যান্ডনোট প্রদান করা হয়।
পরবর্তিতে এগুলোর ভিত্তিতে ক্লাস টেস্ট নেয়া হয়।

আচার আচরন

কলেজের প্রত্যেক ছাত্র-ছাত্রীর স্তর শালীন ও আদর্শ ছাত্রসুলভ আচরন বাঞ্ছনীয়। ক্লাসে যথাসময়ে উপস্থিতি, পাঠাগার সেমিনারে নীরবতা, পরিচ্ছন্নতা ও শৃঙ্খলা একান্তভাবে কাম্য। ছাত্র ছাত্রীদের নিম্নোক্ত আচরন বিধি মেনে চলা আবশ্যিকঃ

- জুনিয়র ছাত্র/ছাত্রীরা সিনিয়র ছাত্র/ছাত্রীদের বড় ভাই/বোন মনে করবে এবং তদানুযায়ী আচরন করবে।
- সিনিয়র ছাত্র/ছাত্রীরা জুনিয়র ছাত্র/ছাত্রীদের ছোট ভাই/বোন মনে করবে এবং তদানুযায়ী আচরন করবে।
- শিক্ষকদের সাথে আচরন স্তর, শালীন ও মার্জিত হওয়া বাঞ্ছনীয়।
- কলেজ আউটলাইন বা কলেজ সংলগ্ন ফুটপাথে/সড়কদ্বীপ ইত্যাদিতে অথবা জটলা করার কোন অবকাশ নেই।
- অত্র কলেজের ছাত্রদের মাথার চুল মার্জিতভাবে ছোট হওয়া আবশ্যিক।
- কলেজ ক্যাম্পাসে ধূমপান ও রাজনৈতিক কার্যকলাপ সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
- ক্লাস ছুটির আগে কোন ছাত্র-ছাত্রী কলেজ ত্যাগ করতে পারবে না।
- কোনক্রমেই কলেজের সম্পদ সমূহ নষ্ট করা যাবে না।
- মোবাইল ফোন ব্যবহার নিষিদ্ধ।

সুবিধাদি

- শীতাতপ নিয়ন্ত্রিত ও সুসজ্জিত শ্রেণীকক্ষ
- উন্নতমানের ল্যাব, লাইব্রেরী ও ইন্টারনেট সুবিধা।
- কলেজের অবস্থান অনুযায়ী উন্নত যোগাযোগ সুবিধা।
- বিশুদ্ধ পানির সু-ব্যবস্থা।
- 'A+' প্রাপ্তদের জন্য বিশেষ সুবিধা।
- ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (DIU)-তে অনার্স এ আর্থিক সুবিধাসহ ভর্তির সুযোগ।
- ইন্ডোর গেম'স সুবিধা।
- ছাত্র-ছাত্রীদের জন্য হোস্টেল সুবিধা


ভর্তি যোগ্যতা

- এস.এস.সি-বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা/ডোকুমেন্টেশন/দাখিল/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় অথবা সমমান পাস।
- ন্যূনতম জি.পি.এ-১ অথবা ৩য় বিভাগ।
- যে কোন সালে এস.এস.সি-সমমান পাস ভর্তি যোগ্য

মাসিক বেতন ও অন্যান্য ফি'র বিবরণঃ

ফি মাসিক বেতনঃ ১৪৫০/=
খ। ভর্তির সময় এককালীন দেয় :

ক্রমিক	খাতসমূহ	টাকা	
		হিসাবরক্ষন	কম্পিউটার অপারেশন
১.	ভর্তি ফি	২৫০০	২৫০০
২.	কলেজ উন্নয়ন ফি	২০০০	২০০০
৩.	পাঠাগার ফি	৩০০	৩০০
৪.	কম্পিউটার ল্যাব ফি	৯০০	৯০০
৫.	পাঠসূচী ফি	১৫০	১৫০
৬.	ম্যাগাজিন জার্নাল ফি	২০০	২০০
৭.	রক্ষনাবেক্ষন ফি	৫৫০	৫৫০
৮.	বিদ্যুৎ পানি	৩৫০	৩৫০
৯.	পরিচয় পত্র	১৫০	১৫০
১০.	ক্রীড়া সাহিত্য সাময়িক অনুষ্ঠান	৩০০	৩০০
১১.	ধর্মীয় অনুষ্ঠান ফি	১০০	১০০
১২.	বার্ষিক বনভোজন শিক্ষাসফর	৪০০	৪০০
১৩.	বিবিধ	৫০০	৫০০
		৮,২০০/=	৮,২০০/=



স্থাপিত
২০১১



কলেজ কোড
৫০৪৯৬

এইচ.এস.সি (প্রি-বি.বি.এ) ভর্তি নির্দেশিকা



Affiliation/Links & Partnerships



DIPTI Business Management College
Under Bangladesh Technical Education Board (BTEB)
64/6, Lake Circus, Panthapath (Russell Square), Kalabagan, Dhaka-1205
Phone: 9134695, Cell: 01713-493233, 01713-493267, 01713-493289

কলেজ পরিচিতি

যুগের চাহিদায় সারা বিশ্বে এসেছে আজ পরিবর্তনের জোয়ার, বদলে যাচ্ছে মানুষ এবং পরিবর্তিত হচ্ছে শিক্ষা ব্যবস্থা। মেধা বিকাশের সঙ্গে সঙ্গে মননশীলতা ধারণ করতে পারলে মনুষ্যের মূল ভিত্তি রচিত হয়। তাই শিক্ষা হতে হবে মানবিক মূল্যবোধ থেকে; যা একজন শিক্ষার্থীকে সত্যিকার অর্থে মানুষের মত মানুষ হতে সহায়তা করবে।

এমনই মূল্যবোধ থেকে মেধা ও মননের উৎসর্গ সাধনের প্রত্যয় নিয়ে গতানুগতিক শিক্ষা ব্যবস্থা হতে বেরিয়ে আসার জন্য প্রয়োজন একটি মানসম্মত ও সুশৃঙ্খল শিক্ষা পদ্ধতি সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠান। এই লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় যুগোপযুগী কর্মমুখী শিক্ষা প্রণয়নের প্রত্যয়ে রাজধানী ঢাকার প্রাগৈকেন্দ্র কলাবাগানের কোলাহল মুক্ত পরিবেশে দীপ্তি প্রতিষ্ঠিত হয়। কলেজের প্রতিষ্ঠাতা ড্যাফোডিল গ্রুপের কর্তৃকার, বিশিষ্ট শিক্ষানুরাগী ও সমাজসেবী জনাব মোঃ সরুর খান। ড্যাফোডিল গ্রুপ মানসম্মত শিক্ষা ও তথ্য প্রযুক্তি শিক্ষাক্ষেত্রে ১৯৯০ সাল থেকে যুগান্তকারী ভূমিকা রেখে আসছে।

এই গ্রুপ পরিচালিত অন্যান্য প্রতিষ্ঠান সমূহঃ

- ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (DIU)
- ড্যাফোডিল ইনস্টিটিউট অব আইটি (DIIT)
- বাংলাদেশ স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (BSDI)
- ড্যাফোডিল ইন্টারন্যাশনাল প্রফেশনাল ট্রেনিং ইনস্টিটিউট (DIPTI)
- ড্যাফোডিল ইন্টারন্যাশনাল কলেজ (DIC)
- ড্যাফোডিল ইন্টারন্যাশনাল স্কুল (DIS)

কোর্সের বিবরণ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অধিভুক্ত দেশের শীর্ষস্থানীয় তথ্যপ্রযুক্তি ও প্রফেশনাল প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ড্যাফোডিল ইন্টারন্যাশনাল প্রফেশনাল ট্রেনিং ইনস্টিটিউট (দীপ্তি) দেশের আর্থসামাজিক উন্নয়নের সাথে সম্পর্কিত বিভিন্ন সেক্টরের বিশেষায়িত বিষয়ের ওপর ২০০৪ সাল থেকে প্রশিক্ষণ প্রদান করে আসছে। প্রফেশনাল প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের শিক্ষিত বেকার যুব সমাজকে দক্ষ জনবল তথা আত্মকর্মসংস্থানের উপযোগী হিসেবে গড়ে তুলতে (দীপ্তি) বিজনেস ম্যানেজমেন্ট কলেজ বাংলাদেশ কারিগরি বোর্ডের অধীনে ২ বছর মেয়াদী এইচ.এস.সি (ব্যবসায় ব্যবস্থাপনা) কোর্স প্রনয়ন করছে। কারিগরি বোর্ডের নতুন সিলেবাস ও কারিকুলাম এর অধীনে সরকারিভাবে ১ বছর অন্তর সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট ২ সেমিস্টারে প্রোগ্রাম শেষ হয়। ২ বছর মেয়াদী H.S.C কম্পিউটার এবং একাউন্টিং বিষয় পাস করার পর ছাত্র-ছাত্রীদের উচ্চতর শিক্ষার পথ উন্মুক্ত রেখে কর্মক্ষেত্রে প্রবেশের সুযোগ রয়েছে।

গতানুগতিক শিক্ষা ব্যবস্থা তথা H.S.C পাস করে B.B.A অথবা কম্পিউটার বিষয়ে অনার্স এবং মাস্টার ডিগ্রী অর্জন করার থেকে H. S. C ব্যবসায় ব্যবস্থাপনা (যা প্রি-বিবিএ হিসেবে সমাদৃত) সম্পূর্ণ করে B.B.A অথবা কম্পিউটার বিষয়ে অনার্স এবং মাস্টার ডিগ্রী অর্জন কারীদের কর্ম ক্ষেত্রে প্রবেশের সুযোগ অত্যন্ত বেশি, যেহেতু H. S. C (ব্যবসায় ব্যবস্থাপনা) কোর্সটি অধিকতর কর্মমুখী এবং যুগোপযুগী।

লক্ষ্য ও উদ্দেশ্য

- ছাত্র/ছাত্রীদের মেধা বিকাশের ধারাবাহিকতা অব্যাহত রেখে উচ্চ শিক্ষার পথ প্রশস্ত করা এবং পরিবার ও সমাজ জীবনে সক্রিয় স্বাক্ষর রাখার উপযোগী করে শারীরিক ও মানসিক বিকাশ লাভে সহায়তা করা।
- শিক্ষার মৌলিক নৈপুণ্য অর্জনের লক্ষ্যে সুসংহত শিক্ষা ব্যবস্থা পরিচালনা করা।
- দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক মন্ডলী দ্বারা মানসম্মত শিক্ষা নিশ্চিত করা।
- স্বজনশীলতা, আত্মমর্যাদা ও জ্ঞান বিকাশের পরিবেশ সৃষ্টি করা।
- পরবর্তিতে উচ্চতর শিক্ষা গ্রহণে সহায়ক সুবিধার সৃষ্টি করা।
- মিলেমিশে কাজ করার অভ্যাস গঠন এবং দেশ ও জাতির ভবিষ্যৎ নেতৃত্বের জন্য উপযুক্ত করে গড়ে তোলা।
- স্বাধীনচেতা আত্মসচেতন নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শ্রেণীগত শিক্ষার পাশাপাশি সমাজ সচেতনতা শিক্ষা প্রদান করা।

বৈশিষ্ট্য

- অভিজ্ঞ পূর্বকালিন শিক্ষক/শিক্ষিকা দ্বারা পাঠদান।
- শ্রেণী পরীক্ষা, মাসিক পরীক্ষা ও তিন মাস অন্তর অন্তর পরীক্ষা ব্যবস্থা।
- পাঠসূচী, পরীক্ষা ও ছুটির তালিকাসহ একাডেমিক ক্যালেন্ডার নিখুঁত ভাবে অনুসরণ।
- দৈনন্দিন কার্যক্রম ডায়েরির মাধ্যমে প্রত্যহে অভিব্যক্তিকৈ অবহিত করন।
- আবশ্যিক ভাবে কম্পিউটার শিক্ষার ব্যবস্থা রাখা।
- কোন শিক্ষার্থীকে প্রাইভেট পড়তে হয় না।
- সুপারিসর, সু-নিয়ন্ত্রিত এবং আন্তর্জাতিক মানের শ্রেণী কক্ষ ও কম্পিউটার ল্যাব।
- কলেজ ফীকি রাখে বিভিন্ন কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- প্রতিটি ক্লাসেই পড়া বুঝিয়ে দেয়া এবং পরবর্তি ক্লাসে যথাযথভাবে আদায় করে নেয়া।

কম্পিউটার ল্যাব

আধুনিক ও উচ্চ শিক্ষার স্বার্থে মিল রেখে অত্র কলেজে আছে আন্তর্জাতিক মানের কম্পিউটার ল্যাব।

গ্রন্থাগার

কলেজে নিরিবিবি পরিবেশে পাঠ উপযোগী সুসজ্জিত ও পর্যাপ্ত পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগার আছে। এখান থেকে ছাত্র/ছাত্রীরা কার্ডের মাধ্যমে প্রয়োজনীয় বই সংগ্রহ করতে পারে। এছাড়াও দৈনিক পত্রিকা ও দেশী/বিদেশী জার্নাল/ম্যাগাজিন রাখা হয়।

বৃত্তি/পুরস্কার

- সেমিস্টার পরীক্ষা ফলাফলের উপর "বৃত্তি" প্রদান করা হয়।
- সর্বোচ্চ উপস্থিতির জন্য "সন্তোষজনক উপস্থিতি" পুরস্কার প্রদান করা হয়।
- ভালো আচরন ও নিয়ম শৃঙ্খলা অনুসরণ করার জন্য "স্তর-শিক্ষার্থী" পুরস্কার প্রদান করা হয়।

সহপাঠ কার্যক্রম

ছাত্র/ছাত্রীদের সুস্থ প্রতিভা ও সুষ্ঠু মানসিকতা বিকাশের জন্য ঐতিহাসিক স্থান সমূহে শিক্ষা সফর, দেয়াল পত্রিকা প্রকাশ, বনভোজন, আলোচনা সভা, বিতর্ক প্রতিযোগিতা মূলক অনুষ্ঠান ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উৎসাহিত হয়।

সাংস্কৃতিক অনুষ্ঠান

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস ও সকল জাতীয় দিবসে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উৎসাহিত হয়।

বিভিন্ন ক্লাব

- শিক্ষার্থীদের আগ্রহ ও চাহিদার দিকে লক্ষ্য রেখে গঠন করা হয়েছে বিভিন্ন ক্লাব।
- কম্পিউটার ক্লাব
 - স্পোর্টস ক্লাব
 - ডিবেট ক্লাব
 - ইংলিশ ল্যাংগুয়েজ ক্লাব

পোশাক

ছাত্রঃ সাদা সার্ট, কালো প্যান্ট ও কালো জুতা।
ছাত্রীঃ সাদা সেলোয়ার কামিজ, ওড়না ও কালো জুতা।

শিক্ষাপঞ্জি

বছরের শুরুতেই ছাত্র/ছাত্রীদের শিক্ষাপঞ্জি (Academic Calendar) প্রদান করা হয় এবং তদানুসারে শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়।

কলেজের সময়সূচী

প্রভাতী শাখাঃ সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা এবং
দিবা শাখাঃ দুপুর ১২:০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত।

পরিচয় পত্র

প্রত্যেক ছাত্র/ছাত্রীকে কলেজ থেকে পরিচয় পত্র দেয়া হবে এবং আবশ্যিকভাবে পরিচয় পত্র সহ কলেজে আসতে হবে। পরিচয় পত্র হারিয়ে গেলে ১৫০ টাকা জরিমানা দিয়ে ডুপ্লিকেট পরিচয় পত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষা প্রস্তুতি

পূর্বের পাঠা কোন বিষয়ে কোন সমস্যা থাকলে শিক্ষকমন্ডলী শিক্ষার্থীদের কাছ থেকে তা জেনে নেন এবং সেমিস্টার পরীক্ষার পূর্বেই ট্রেনিং বিষয়ে পুনরায় আলোচনা করে নেন। এতে করে শিক্ষার্থীদের বিষয় বস্তু বুঝতে ও পরীক্ষার প্রস্তুতি নিতে সুবিধা হয়।

ভর্তির নিয়মাবলী

কলেজ অফিস থেকে ও ফরম সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে তার সাথে গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্রাদির কপিসমূহ যথাসময়ে জমা দিতে হবে।

- এস.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এর সত্যায়িত ফটোকপি।
- এস.এস.সি পরীক্ষার প্রবেশপত্র এর সত্যায়িত ফটোকপি
- দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ও স্ট্যাম্প সাইজের ৩ কপি সত্যায়িত ছবি (রঙিন)
- এস.এস.সি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

অন্যান্য তথ্য

- ভর্তির অনুমতি প্রাপ্তির পর নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে হবে অন্যথা ভর্তির আদেশ বাতিল বলে বিবেচিত হবে।
- ভর্তির সময় কলেজ অফিস থেকে রেজিস্ট্রেশন ফরম যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।
- ভর্তির পর ছাত্র/ছাত্রীদের ১৫ দিনের মধ্যে কলেজ অফিস থেকে পরিচয় পত্র সংগ্রহ করতে হবে।
- ভর্তি ফরম অসম্পূর্ণ থাকলে এবং প্রসপেক্টসে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র প্রদানে ব্যর্থ হলে ভর্তির বিষয় বিবেচনা করা হবে না।
- ভর্তির নিয়মাবলী প্রয়োজনে পরিবর্তনীয় (অধ্যক্ষের অনুমতি সাপেক্ষে)।

